

৩৫ প্রতিষ্ঠানের কেউ পাস করেনি

যুগান্তর রিপোর্ট

এ বছর এইচএসসি পরীক্ষায় ৩৫টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীই পাসের মূর্ধ দেখেনি। গত বছর এ ধরনের প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৪। অপরদিকে এবার শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১ হাজার ১৩৩টি, যা গত বছর ছিল ১ হাজার ১৪৭। ফল বিপর্যয়ের কারণে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা যেমন কমেছে, তেমন বেড়েছে শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যাও। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছেন, যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি তাদের এমপিও স্থগিত করা হবে। একই সঙ্গে কেন্দ্র তাদের এই ভরাদুবি, সে বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। ফলাফল বিবেচনায় দেখা যায়, শতভাগ ফেল করা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা বোর্ডে ৫টি, রাজশাহী বোর্ডে ৫টি, যশোর বোর্ডে ১৩টি, বরিশাল বোর্ডে ৫টি, দিনাজপুর বোর্ডে ৫টি, এছাড়া মাদ্রাসা বোর্ডে ২টি প্রতিষ্ঠান থেকে কেউ করেনি : পৃষ্ঠা ১৪ : কলাম ৬

করেনি : কেউ পাস (১ম পৃষ্ঠার পর)

পাস করেনি। তবে কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট এবং কারিগরি বোর্ডে এ ধরনের কোনো প্রতিষ্ঠান নেই। অপরদিকে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা বোর্ডে প্রতিষ্ঠানের সংখ্যা ৩৩টি, রাজশাহী বোর্ডে ২৬টি, কুমিল্লা বোর্ডে ৬টি, যশোর বোর্ডে ৩টি, চট্টগ্রাম বোর্ডে ৪টি, বরিশাল বোর্ডে ৫টি, সিলেট বোর্ডে ১৩টি, দিনাজপুর বোর্ডে ২২টি, মাদ্রাসা বোর্ডে ৮৩৮টি ও কারিগরি বোর্ডে ১৮৩টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।